

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
 স্বাস্থ্য সেবা বিভাগ  
 সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০১.২০১৫-১০৮


তারিখঃ ৩১-১০-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ এমএসআর খাতের জেলা হাসপাতাল/জেনারেল হাসপাতাল পুরাতন কোড (২৭৪২) নতুন কোড ১২৭০২১০/১২৭০২১১ এবং উপজেলা স্বাস্থ্য কমিশন্সের পুরাতন কোড (২৭৪৪) নতুন কোড ১২৭০২১২ এমএসআর খাত থেকে ঔষধপত্র আইটেমের ২০% অর্থ সিএমএসডিতে বরাদ্দ প্রদানে জটিলতা।

সূত্রঃ  
 ১। স্বাস্থ্য অধিদপ্তরের ০৩-১০-২০১৮ তারিখের স্বাঃ/অধি:বাইট/ IBAS++/২০১৭-১৮/৯৫৭৩ সংখ্যক পত্র।  
 ২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের হাস-২ শাখার ০৭/১০/২০০৭ তারিখের স্বাপকম/হাস-২/বিবি:-৫৩/২০০২/১৪৬২ সংখ্যক পত্র  
 ৩। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের হাস-২ শাখার ০৭-১২-২০০৯ তারিখের স্বাপকম/হাস-২/বিবিধ-৫৩/২০০২/৭০০ সংখ্যকপত্র

উপর্যুক্ত বিষয়ে সুত্রোক্ত ১ নং স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা সদর/জেনারেল হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমিশন্সের নতুন কোড সৃজিত হয়েছে। বর্তমানে নতুন IBAS++ এসিএমএসডি'র ঔষধ ক্রয় খাতে কোড না থাকায় এবং এক কোডের অর্থ অন্য কোডে স্থানান্তরের সুযোগ না থাকায় মন্ত্রণালয়ের ইতোপূর্বে জারীকৃত সুত্রোক্ত ২নং এবং ৩নং স্মারকে প্রদত্ত নির্দেশনা বাতিলক্রমে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে নিয়ন্ত্রুপ নির্দেশনা জারী করা হলো:

- (১) জেলা সদর/জেনারেল হাসপাতাল, উপজেলা স্বাস্থ্য কমিশন্সের এবং তদনিয় পর্যায়ের চিকিৎসা সেবা প্রতিষ্ঠানে ঔষধ উপ খাতে বরাদ্দকৃত অর্থের ৭৫% অর্থ দ্বারা ইডিসিএল উৎপাদিত ঔষধ সংগ্রহ এবং অবশিষ্ট ২৫% অর্থ দ্বারা স্থানীয়ভাবে ঔষধ সংগ্রহ করা যাবে;
- (২) এমএসআর খাতে ঔষধপত্র আইটেমের বরাদ্দকৃত অর্থ নিয়ন্ত্রিতভাবে ব্যয় করতে হবে:
  - (ক) অর্থ বছরের শুরুতে হাসপাতাল কর্তৃপক্ষ ইডিসিএলকে প্রয়োজনীয় ঔষধের রিকুইজিশন প্রদান করবে। ইডিসিএল সাত দিনের মধ্যে সংশ্লিষ্ট হাসপাতালকে কি কি ঔষধ, কি পরিমাণে, কোন সময়ের মধ্যে সরবরাহ করতে পারবে তা নিশ্চিত করবে;
  - (খ) ইডিসিএল যে প্রকার/পরিমাণ ঔষধ সরবরাহ করতে পারবে তা সংশ্লিষ্ট হাসপাতালকে ইডিসিএল ক্রয় করতে হবে। ইডিসিএল যে প্রকার/পরিমাণ ঔষধ সরবরাহ করতে পারবে না সে প্রকার/পরিমাণ ঔষধ সংশ্লিষ্ট হাসপাতাল বেসরকারি প্রতিষ্ঠান থেকে ক্রয় করতে পারবে;
  - (গ) ইডিসিএল যদি ১০০% ঔষধ সরবরাহ করতে পারে তবে হাসপাতাল কর্তৃপক্ষকে ১০০% ঔষধই ইডিসিএল হতে ক্রয় করতে হবে;
- (৩) সরকারি চিকিৎসকগণকে হাসপাতালে রোগীর প্রেসক্রিপশনে হাসপাতালে মজুদ সরকারি ঔষধের বিকল্প ঔষধের নাম প্রেসকাইব করা থেকে বিরত থাকতে হবে।
- (৪) সকল ক্রয়প্রক্রিয়া পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুসরণপূর্বক কার্যক্রম গ্রহণ করতে হবে।

  
 ৩১-১০-২০১৮

(মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী)

উপসচিব

ফোনঃ ৯৫৫৬৯৮৯

#### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/হাসপাতালকে অবহিত করার জন্য অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ানবাজার, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, এসেন্সিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড, তেজগাঁও, ঢাকা।
- ৪। পরিচালক (হাসপাতাল/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। পরিচালক (ভাড়ার ও সরবরাহ), কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।
- ৬। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), (সকল)-----
- ৭। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)-----
- ৮। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)-----
- ৯। পরিচালক/ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল (সকল)-----
- ১০। ত্বাবধায়ক/সিভিল সার্জন (সকল)-----
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিও ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

#### অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল/সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।